

542/Beng(C)O.S

UG/5th Sem/BENG-G-GE-T-1/25

২০২৫

বাংলা

(প্রোগ্রাম)

জেনেরিক ইলেকটিভ (GE)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BENG-G-GE-T-1

(বাংলা রঙ্গমঞ্চ ও নাটক)

[CBCS]

[পুরাতন পাঠক্রম]

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$
- ক) দুটি ঐতিহাসিক নাটকের নাম করো।
- খ) দুটি বাংলা সামাজিক নাটকের নাম লেখো।
- গ) 'সধবার একাদশী' নাটক কার লেখা ও কবে প্রকাশিত হয়?
- ঘ) 'আমাকে মহাত্মস ব্রত করাও'— কোন্ রচনায়, কে একথা বলেছে?
- ঙ) জোড়াসাঁকো নাট্যশালার প্রতিষ্ঠাতার নাম করো। ঐ মঞ্চে অভিনীত দুটি নাটকের নাম লেখো।

[পরপৃষ্ঠায়]

- চ) কার লেখা, কোন্ নাটকের ইংরেজি অনুবাদের সূত্রে মাইকেল মধুসূদন দত্তের বাংলা সাহিত্যে প্রবেশ ঘটে?
- ছ) “বাবা যদি জানতে পারেন আমি মদ খেইচি তিনি গলায় দড়ি দেবেন।”— কোন্ নাটকের অংশ? বাবা ও ছেলের নাম করো।
- জ) বাগবাজার অ্যামেচার থিয়েটারের সঙ্গে যুক্ত দু’জন অভিনেতার নাম লেখো।
- ঝ) “আর একবার স্নানযাত্রা কত্তে হবে” — স্নানযাত্রা কী? কথটি এখানে কী অর্থে ব্যবহৃত হয়েছে?
- ঞ) ‘কমেডি’ শব্দের উৎস কী?
- ট) পঞ্চকের গাওয়া একটি গানের প্রথম লাইনটি উল্লেখ করো।
- ঠ) ‘তুই ভাই এত রঙ্গও জানিস?’—কে, কাকে ‘ভাই’ সম্বোধন করে একথা বলেছে?
- ড) বেলগাছিয়া নাট্যশালায় অভিনীত দুটি নাটকের নাম রচয়িতার নামসহ উল্লেখ করো।
- ঢ) “আমি আচার-অনুষ্ঠান কিছুই জানি নে, আমি আপনাকেই জানি”—কে, কাকে উদ্দেশ্য করে একথা বলেছে?
- ণ) দুটি বাংলা প্রহসনের নাম লেখো।
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$
- ক) ‘অচলায়তন’ নাটকে ব্যবহৃত যে কোনো একটি গানের উল্লেখ করে তার অর্থ লেখো।
- খ) বেলগাছিয়া নাট্যশালায় অবদান ও গুরুত্ব সম্পর্কে সংক্ষেপে লেখো।

- গ) জোড়াসাঁকো নাট্যশালায় গুরুত্ব আলোচনা করো।
- ঘ) ‘সধবার একাদশী’ প্রহসন হিসেবে কতখানি সার্থক তা যুক্তিসহ সংক্ষেপে আলোচনা করো।
- ঙ) ‘সধবার একাদশী’ নাটকের অটলবিহারী চরিত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- চ) বেঙ্গলী থিয়েটারের অবদান সংক্ষেপে লেখো।
- ৩। যে-কোনো দু’টি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$
- ক) ‘অচলায়তন’ নাটকের পঞ্চক চরিত্রটি আলোচনা করো।
- খ) পৌরাণিক নাটকের সংজ্ঞা দাও। এই সংজ্ঞার আলোকে একটি সার্থক বাংলা পৌরাণিক নাটক সম্পর্কে আলোচনা করো। $২ + ৮ = ১০$
- গ) সামাজিক নাটকের সংজ্ঞা ও বৈশিষ্ট্যের পরিচয় দাও।
- ঘ) ‘সধবার একাদশী’ নাটকের সংলাপ রচনায় নাট্যকারের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।